

## অস্ট্রেলিয়ায় অনুষ্ঠিত 'সী পাওয়ার কনফারেন্স'এ অংশগ্রহণ শেষে দেশে ফিরেছেন নৌবাহিনী প্রধান

অস্ট্রেলিয়ার সিডনিতে অনুষ্ঠিত 'সী পাওয়ার কনফারেন্স-২০১৭' এ অংশগ্রহণ শেষে নৌবাহিনী প্রধান এডমিরাল নিজামউদ্দিন আহমেদ, ওএসপি, বিসিজিএম, এনডিসি, পিএসসি গত শনিবার (০৭-১০-২০১৭) রাতে দেশে ফিরেছেন। এসময় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরে সহকারী নৌবাহিনী প্রধান (অপারেশন্স) এবং নৌ প্রশাসনিক কর্তৃপক্ষ ঢাকা আনুষ্ঠানিকভাবে নৌপ্রধানকে স্বাগত জানান।

অস্ট্রেলিয়া সফরকালে নৌপ্রধান 'সী পাওয়ার কনফারেন্স-২০১৭' (Sea Power Conference-2017) ছাড়াও 'ইন্টারন্যাশনাল মেরিটাইম কনফারেন্স-২০১৭' (International Maritime Conference-2017) এবং 'প্যাসিফিক ইন্টারন্যাশনাল মেরিটাইম এক্সপোজিশন-২০১৭ (Pacific International Maritime Exposition-2017)এ অংশগ্রহণ করেন। এসময় নৌপ্রধান উক্ত কনফারেন্সে আগত বিভিন্ন দেশের উর্ধ্বতন সামরিক কর্মকর্তা এবং মেরিটাইম বিশেষজ্ঞদের সাথে মত-বিনিময় করেন। তাছাড়া সেখানে অবস্থানকালে তিনি অস্ট্রেলিয়ার নৌবাহিনী প্রধান এডমিরাল টিম ব্যারেট (Admiral Tim Barrett), ফ্রান্সের নৌবাহিনী প্রধান এডমিরাল খ্রিস্টোফে প্রাজুক (Admiral Christophe Prazuck), মায়ানমার নৌবাহিনী প্রধান এডমিরাল টিন অং সান (Admiral Tin Aung San) এবং ভারতীয় নৌবাহিনী প্রধান (পার্সোনেল) ভাইস এডমিরাল একে চাওলা (Vice Admiral AK Chawla) এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন।

উল্লেখ্য, গত তিন হতে পাঁচ অক্টোবর পর্যন্ত সিডনিতে উক্ত কনফারেন্স অনুষ্ঠিত হয়। অস্ট্রেলিয়া সফরের উদ্দেশ্যে নৌপ্রধান গত ০১ অক্টোবর ২০১৭ তারিখে বাংলাদেশ ত্যাগ করেন।